

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
অভয়নগর, যশোর
www.abhynagar.jessore.gov.bd

স্মারক সংখ্যা-০৫.৪৪.৪১০৪.০০১.১৮.০৯৭.১৯- ৬৬(৩২),

তারিখ ২৩ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ
০৮ জানুয়ারী ২০২০ খ্রি

বিষয়ঃ শেখ রাসেল ডিজিটাল ল্যাবে বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রূপকল্প-২০২১ বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশ, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা-২০৩০ (এসডিজি) অর্জন এবং ২০৪১ সালের মধ্যে একটি উন্নত দেশে রূপান্তরের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাধ্যমে আইসিটি অধিদপ্তর নিরলসভাবে কাজ করে যাচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রী এবং তাঁর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক মাননীয় উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদ মহোদয়ের নির্দেশ এবং পরামর্শে আইসিটি বিভাগের মাধ্যমে এ অধিদপ্তর নতুন নতুন লক্ষ্য নির্ধারণ, পরিকল্পনা প্রণয়ন এবং তা বাস্তবায়ন করে যাচ্ছে। এর সুফল পাচ্ছেন দেশের সাধারণ মানুষ। কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, অর্থনীতি, ব্যবসা-বাণিজ্য, কর্মসংস্থান, নাগরিক সেবা জীবন-যাপনের প্রায় প্রতিটি ক্ষেত্রে লেগেছে ডিজিটাল বাংলাদেশের ছোয়া। সরকারি-বেসরকারি খাত ও তরুণ প্রজন্মকে নিয়ে চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় নানামুখী উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়নের মধ্য দিয়ে এগিয়ে চলেছে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

ডিজিটাল বাংলাদেশের ৪টি স্তম্ভ সমূহের (আইসিটি অবকাঠামো ও কানেক্টিভিটি প্রতিষ্ঠা, দক্ষ মানব সম্পদ গড়ে তোলা, ই-গভর্নেন্স প্রতিষ্ঠা এবং আইসিটি শিল্পের বিকাশ) মধ্যে অন্যতম দক্ষ মানব সম্পদ উন্নয়ন। আইসিটি অধিদপ্তর দক্ষ মানব সম্পদ তৈরি ও তাদের পেশাগত দক্ষতা উন্নয়নের গতিশীলতার লক্ষে দূত সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়নে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রদান করা হয়েছে। অত্র প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী সহ প্রতিষ্ঠান চলাকালীন নির্দিষ্ট সময় ব্যাতিত আইসিটি দক্ষ মানব সম্পদ তৈরির জন্য শেখ রাসেল ডিজিটাল ল্যাবে বিভিন্ন প্রশিক্ষণের নির্দেশনা রয়েছে। (কপি সংযুক্ত)

উক্ত নির্দেশনা মোতাবেক প্রশিক্ষণের আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

প্রতিষ্ঠান প্রধান

সকল শেখ রাসেল ডিজিটাল ল্যাব

অভয়নগর, যশোর।

(দৃষ্টি আকর্ষণঃ সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার এর দপ্তর,

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, অভয়নগর, যশোর)

স্মারক সংখ্যা-০৫.৪৪.৪১০৪.০০১.১৮.০৯৭.১৯-

অনুলিপিঃ সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। বিভাগীয় কমিশনার, খুলনা।

২। জেলা প্রশাসক, যশোর।

৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), যশোর।

৪। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, যশোর।

৫। অফিস কপি।

তারিখ ২৩ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ
০৮ জানুয়ারী ২০২০ খ্রি

তারিখ ২৩ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ
০৮ জানুয়ারী ২০২০ খ্রি

(মোঃ নাজমুল হুসেইন খান)
উপজেলা নির্বাহী অফিসার
অভয়নগর, যশোর।

০২-৪২১৪৪০২২